

## তথ্য কমিশনে আজকের শুনানীর ফলাফল

তথ্য কমিশন আদালতে আজ ০৯টি অভিযোগের শুনানীশেষে ০৩টি অভিযোগের নিষ্পত্তি করা হয় এবং ০৬টি অভিযোগের পরবর্তী শুনানীর তারিখ নির্ধারিত হয়। এছাড়া ০১ টি অভিযোগ গ্রহণযোগ্যতা বিষয়ক শুনানীর মাধ্যমে নিষ্পত্তি করা হয়।

শুনানীতে অংশ নেন মাননীয় প্রধান তথ্য কমিশনার জনাব মরতুজা আহমদ এবং তথ্য কমিশনার জনাব নেপাল চন্দ্র সরকার।



নিষ্পত্তিকৃত অভিযোগগুলো হচ্ছে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী, লক্ষ্মীপুরের চরশাহী ইসলামিয়া আলীম মাদ্রাসার অধ্যক্ষ এবং গাইবান্ধা জেলা পরিষদ কার্যালয়ের উপ-সহকারী প্রকৌশলীর বিরুদ্ধে আনিত অভিযোগ। শুনানীতে আবেদনকারীদের প্রার্থিত তথ্য নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদানের নির্দেশ দেওয়া হয়।

এছাড়া কর্মসংস্থান ব্যাংকের চুয়াডাঙ্গার আলমডাঙ্গা শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে আনিত অভিযোগ গ্রহণযোগ্য নয় মর্মে নিষ্পত্তি করা হয়।

অন্যদিকে ঢাকা জেলা প্রশাসক কার্যালয়ের সহকারী কমিশনার, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের প্রসেসিং সেকশনের পরিচালক, যশোরের বাঘারপাড়া মডেল পাইলট উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক, পটুয়াখালীর মির্জাগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার, জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপ-সচিব এবং বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের নাগরিক সেবা বিভাগের যুগ্ম-পরিচালকের বিরুদ্ধে আনিত অভিযোগের পরবর্তী শুনানীর দিন ধার্য করা হয়।

স্বাঃ-

০৫-০২-২০১৮

(লিটন কুমার প্রামাণিক)

জনসংযোগ কর্মকর্তা

তথ্য কমিশন

ফোন-৯১৩৭৩৩২

মোঃ ০১৭১০-৪৩৭২৬৬

E-mail: pro@infocom.gov.bd